



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১
ফ্যাক্স : ০৭৩১-৬৫১৩৪

সংবাদ বিজ্ঞপ্তি

তারিখ : ১৮/১০/২০২১

পাবিপ্রবিতে বঙ্গবন্ধুর কনিষ্ঠ পুত্র শেখ রাসেল এর জন্মদিন পালন

(১৮.১০.২০২১) : আজ সোমবার পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র ও মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ছোট ভাই শেখ রাসেলের ৫৮তম জন্মদিন পালন করা হয়। এ উপলক্ষে উপাচার্য দপ্তরে সকাল ১১ টায় এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। ১৯৬৪ সালের আজকের এই দিনে ধানমন্ডির ঐতিহাসিক স্মৃতি বিজড়িত বঙ্গবন্ধু ভবনে শেখ রাসেল জন্মগ্রহণ করেন।

উপাচার্য অধ্যাপক ড. এম রোস্তুম আলী জন্মদিবসের আলোচনায় বলেন, ১৯৭৫ সালের ১৫ আগস্ট সপরিবারে বঙ্গবন্ধুকে হত্যা করা হয়। মানবতার শত্রু ঘৃণ্য ঘাতকদের এ হত্যাকাণ্ড থেকে সেদিনের অবুঝ শিশু শেখ রাসেলও রেহাই পাননি। বঙ্গবন্ধুর আত্মস্বীকৃত খুনিরা সেদিন বঙ্গবন্ধুর উত্তরাধিকারদেরকে নিশ্চিহ্ন করতে চেয়েছিল। বঙ্গবন্ধু এবং তাঁর পরিবারের অন্যান্য সদস্যের সঙ্গে নরপিশাচরা নির্মমভাবে তাঁকেও হত্যা করেছিল। তিনি তখন ইউনিভার্সিটি ল্যাবরেটরি স্কুলের ৪র্থ শ্রেণীর ছাত্র ছিলেন। মৃত্যুর আগে নিজেকে না মারার জন্য খুনিদের কাছে কাকুতি মিনুতি করেও রেহাই পাননি। উপাচার্য ১৫ আগস্টের বঙ্গবন্ধু ও তাঁর পরিবারের হত্যাকারীদেরকে খুঁজে বের করার জন্য সরকারের কাছে কমিশন গঠনের আহ্বান জানান।

এসময় উপস্থিত ছিলেন বিভিন্ন অনুষ্ঠানের ডিন, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, হল প্রভোস্ট ও অন্যান্য শিক্ষকবৃন্দ। অনুষ্ঠান শেষে বঙ্গবন্ধু পরিবারের নিহত সকলের আত্মার মাগফেরাত কামনায় মোনাজাত করা হয়। এছাড়া বাদ যোহর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদে দোয়ার আয়োজন করা হয়।

বার্তা প্রেরক

মো. বাবুল হোসেন

জনসংযোগ কর্মকর্তা

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

০১৯১৩৩৭৬৯২৫